WEST BENGAL BOARD

QUESTION PAPER

2024

DOWNLOAD PDF

WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION

aglasem.com

KOGRAM HIGH SCHOOL (H.S.)
MADHYAMIK TEST EXAMINATION-2024
Sub.-HISTORY

F.M.-90
Time-3 hrs 15 mints

বিভাগ–'ক'

১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×২০=২০

১.১ নন্দলাল বসু ছিলেন একজন–
ক) নৃত্যশিল্পী খ) সংগীত শিল্পী গ) চিত্রশিল্পী ঘ) অভিনেতা।

১.২ প্রথম মহিলা ডাক্তার ছিলেন–
ক) কাদম্বিনী গাঙ্গুলী খ) অবলা বসু গ) চন্দ্রমুখী বসু ঘ) স্বর্ণকুমারী দেবী।

১.৩ জেনারেল কমিটি অব পাবলিক ইন্‌স্ট্রাকসন বা জনশিক্ষা কমিটি স্থাপিত হয়–
ক) ১৮০০ খ্রিষ্টাব্দে খ) ১৮১৩ খ্রিষ্টাব্দে
গ) ১৮২৩ খ্রিষ্টাব্দে ঘ) ১৮৩৫ খ্রিষ্টাব্দে।

১.৪ হিন্দু প্যাট্রিয়ট পত্রিকার প্রথম সম্পাদক ছিলেন–
ক) গিরিশচন্দ্র ঘোষ খ) মধুসূদন দত্ত
গ) হরিশচন্দ্র মুখোপাধ্যায় ঘ) কালিপ্রসন্ন সিংহ।

১.৫ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য্য ছিলেন–
ক) লর্ড ক্যানিং খ) জেমস্ উইলিয়াম কোলভিল
গ) গুরুদাস বন্দ্যোপাধ্যায় ঘ) আশুতোষ মুখোপাধ্যায়।

১.৬ সুই মুণ্ডা নেতৃত্ব দিয়েছিলেন–
ক) চুয়াড় বিদ্রোহে খ) সাঁওতাল বিদ্রোহে গ) কোল বিদ্রোহে ঘ) মুণ্ডা বিদ্রোহে।

১.৭ ১৮৭৮ খ্রিষ্টাব্দের অরণ্য আইনে অরণ্যকে ভাগ করা হয়–
ক) ২টি স্তরে খ) ৩টি স্তরে গ) ৪টি স্তরে ঘ) ৫টি স্তরে।

১.৮ 'ছিয়াত্তরের মন্বন্তর' এর উল্লেখ আছে–
ক) গোরা'য় খ) দুর্গেশনন্দিনী'তে গ) আনন্দমঠ'এ ঘ) রাজসিংহ'তে।

১.৯ উনবিংশ শতককে 'সভা-সমিতির যুগ' বলে আখ্যা দিয়েছেন–
ক) অনিল শীল খ) সুশোভন সরকার
গ) গৌরীশংকর ভট্টাচার্য্য ঘ) ঈশ্বরচন্দ্র গুপ্ত।

১.১০ ভারতে ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানীর শাসনের অবসান ঘটে–
ক) ১৮৫৭ খ্রিষ্টাব্দে খ) ১৮৫৮ খ্রিষ্টাব্দে গ) ১৮৬০ খ্রিষ্টাব্দে
ঘ) ১৯৪৭ খ্রিষ্টাব্দে।

১.১১ বাংলা ভাষায় প্রথম ছাপা বই হ'ল–
ক) বর্ণপরিচয় খ) মঙ্গল সমাচার মতিয়ের
গ) অন্নদামঙ্গল ঘ) এ গ্রামার অব দি বেঙ্গল ল্যাঙ্গোয়েজ

১.১২ ভারতের প্রথম কারিগরি কলেজ হ'ল–
ক) যাদবপুর টেক্‌নিক্যাল কলেজ খ) রুর্‌কি ইঞ্জিনিয়ারিং কলেজ
গ) শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ ঘ) খড়গপুর আই.আই.টি

১.১৩ বারদৌলী সত্যাগ্রহে নেতৃত্ব দান করেন–
ক) দয়ালিজি দেশাই খ) গান্ধিজি
গ) বল্লভভাই প্যাটেল ঘ) কল্যাণজি মেহতা।

১.১৪ মিরাট ষড়যন্ত্র মামলায় অভিযুক্ত বিদেশী শ্রমিক নেতা গ্রেপ্তার হোন, তিনি ছিলেন –
ক) অ্যানি বেসান্ত খ) ফিলিপ স্প্রাট গ) আর.এস. নিম্বকর ঘ) আইনস্টাইন।

১.১৫ ভূপসিং ছিলেন–
ক) মোপলা বিদ্রোহের নেতা খ) একা আন্দোলনের নেতা
গ) প্রতাপগড় কৃষক বিদ্রোহের নেতা ঘ) রাজস্থানের কৃষক বিদ্রোহের নেতা।

১.১৬ তাম্রলিপ্ত জাতীয় সরকার-এর প্রধান ছিলেন–
ক) সুশীল ধাড়া খ) সতীশচন্দ্র সামন্ত
গ) অজয় মুখোপাধ্যায় ঘ) বীরেন্দ্রচন্দ্র শাসমল।

১.১৭ 'ইণ্ডিয়ান রিপাবলিকান আর্মি'–গঠন করেন–
ক) সূর্যসেন খ) সতীশচন্দ্র সামন্ত গ) অনন্ত সিংহ ঘ) গণেশ ঘোষ।

১.১৮ ১৯৩২ এর পুনাচুক্তি স্বাক্ষরিত হয়–
ক) আম্বেদকর ও নেহেরুর মধ্যে খ) গান্ধিজি ও জিন্নাহার মধ্যে
গ) আম্বেদকর ও ম্যাকডোনাল্ডের মধ্যে ঘ) আম্বেদকর ও গান্ধিজির মধ্যে।

১.১৯ হায়দ্রাবাদের ভারতভুক্তি সম্পন্ন হয়–
ক) ১৯৫০ খ্রিষ্টাব্দে খ) ১৯৪৯ খ্রিষ্টাব্দে
গ) ১৯৪৮ খ্রিষ্টাব্দে ঘ) ১৯৫১ খ্রিষ্টাব্দে।

১.২০ A Train to Pakistan-গ্রন্থটি রচনা করেন–
ক) প্রফুল্ল রায় খ) অমিতাভ ভট্টাচার্য
ঘ) হাসান আজিজুল হক ঘ) খুশবন্ত সিং।

বিভাগ–'খ'

২. যে কোনো ষোলটি প্রশ্নের উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তর দিতে হবে) **১x১৬=১৬**

উপবিভাগ–২.১

একটি বাক্যে উত্তর দাও– **১x৪=৪**

২.১.১ সোমপ্রকাশ পত্রিকার সম্পাদক কে ছিলেন ?

২.১.২ উলগুলান বলতে কি বোঝ ?

২.১.৩ নীলদর্পণ কে রচনা করেন ?

২.১.৪ তিতুমির কোথায় বাঁশের কেল্লা নির্মাণ করেন ?

উপবিভাগ—২.২

ঠিক অথবা ভুল নির্ণয় করো— **১x৪=৪**

২.২.১ 'হিষ্ট্রি অব হিন্দু কেমিষ্ট্রি' গ্রন্থ রচনা করেন জগদীশচন্দ্র বসু।

২.২.২ ভিক্টোরিয়া মেমোরিয়াল হলো স্থাপত্য শিল্পের নিদর্শন।

২.২.৩ 'গ্রামবার্তা প্রকাশিকা'র সম্পাদক হরিনাথ মজুমদার ছিলেন পাঠশালার একজন পণ্ডিত।

২.২.৪ রাধাকান্ত দেব সতীদাহ প্রথার বিরোধী ছিলেন।

উপবিভাগ–২.৩

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও— ১x৪=৪

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.৩.১ লর্ড ক্যানিং	১) ভারত সভা।
২.৩.২ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	২) A Grammar of the Bengali Language.
২.৩.৩ রমেশচন্দ্র দত্ত	৩) মহাবিদ্রোহের সময় ভারতের গভর্ণর জেনারেল।
২.৩.৪ ব্রাসি হালহেদ	৪) মহারাষ্ট্রের জীবন প্রভাত।

উপবিভাগ—২.৪

প্রদত্ত ভারতের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নাম লেখো—

২.৪.১ বাংলার বিপ্লবী কেন্দ্র চট্টগ্রাম। ১x৪=৪

২.৪.২ ব্রিটিশ ভারতের রাজধানী কলকাতা।

২.৪.৩ ভারতছাড়ো আন্দোলনের একটি কেন্দ্র তমলুক।

২.৪.৪ দেশীয় রাজ্য জুনাগড়।

উপবিভাগ—২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো— ১x৪=৪

২.৫.১ বিবৃতি–ছাপাখানার প্রসার ঘটার সঙ্গে সঙ্গে বিভিন্ন ভাষা ও বিষয়ে বই ছাপা শুরু হয়।

ব্যাখ্যা-১ : বাঙালিরা বই ব্যবসা পছন্দ করত।

ব্যাখ্যা-২ : বই ব্যবসা লাভজনক ছিল।

ব্যাখ্যা-৩ : কলকাতা ও মফস্বল শহরগুলোতে বিভিন্ন ভাষাভাষী ও বিভিন্ন শ্রেণির মানুষ বাস করত।

২.৫.২ বিবৃতি–অসহযোগ ও আইন অমান্য আন্দোলনের থেকে ভারত ছাড়ো আন্দোলন স্বতঃস্ফূর্ত গণ আন্দোলনের রূপ পেয়েছিল।

ব্যাখ্যা-১ : অসহযোগ ও আইন অমান্য আন্দোলনের সঙ্গে কৃষক শ্রমিক আন্দোলনকে কংগ্রেস যুক্ত করতে পারেনি।

ব্যাখ্যা-২ : অসহযোগ ও আইন অমান্য আন্দোলনকে কৃষক শ্রমিকেরা সমর্থন করেনি।

ব্যাখ্যা-৩ : ভারত ছাড়ো আন্দোলনের সময় গান্ধিজিসহ কংগ্রেসের প্রথম শ্রেণির নেতারা কারারুদ্ধ ছিলেন।

২.৫.৩ বিবৃতি–ব্রিটিশ সরকার শ্রমিক আন্দোলনকে যেকোনোভাবে দমন করতে চাইত।

ব্যাখ্যা-১ : শ্রমিকদের সাম্রাজ্যবাদ বিরোধী ভূমিকায় ব্রিটিশ সরকার উদ্বিগ্ন ছিল।

ব্যাখ্যা-২ : গান্ধিজি শ্রমিক আন্দোলনকে সমর্থন করতেন না।

ব্যাখ্যা-৩ : শ্রমিক আন্দোলনে যুক্ত ছিলেন কয়েকজন ব্রিটিশ কমিউনিস্ট।

২.৫.৪ বিবৃতি–বিংশ শতকে কৃষক আন্দোলনগুলো অধিকাংশ ক্ষেত্রে ব্যর্থ হয়েছিল।

ব্যাখ্যা-১ : কৃষক আন্দোলন দমনে সরকার জমিদারদের সাহায্য করত।

ব্যাখ্যা-২ : কৃষকদের নেতৃত্বের অভাব ছিল।

ব্যাখ্যা-৩ : কৃষকদের আন্দোলন ধরে রাখার ক্ষমতা ছিল না।

বিভাগ–'গ'

৩. দুই বা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (যে কোনো ১১টি) ২x১১=২২

৩.১ নতুন সামাজিক ইতিহাস চর্চার প্রধান বৈশিষ্ট্য কী ?

৩.২ ইতিহাসের উপাদন হিসাবে আত্মজীবনী গুরুত্বপূর্ণ কেন ?
৩.৩ চার্লস উডের ডেসপ্যাচ কী ?
৩.৪ সমাজ সংস্কারে নব্যবঙ্গদের ভূমিকা কী ছিল ?
৩.৫ সন্ন্যাসী ফকির বিদ্রোহের চরিত্র কেমন ছিল ?
৩.৬ নীলচাষীরা কিভাবে তাদের বিরুদ্ধে অত্যাচারের প্রতিরোধ করত ?
৩.৭ মহারাণীর ঘোষণাপত্রের (১৮৫৮) মূল উদ্দেশ্য কী ছিল ?
৩.৮ 'আনন্দমঠ' উপন্যাসটি কীভাবে জাতীয়তাবাদী ভাবধারাকে উদ্দীপ্ত করেছিল ?
৩.৯ ডঃ মহেন্দ্রলাল সরকার স্মরণীয় কেন ?
৩.১০ বাংলা লাইনোটাইপ প্রবর্তনের গুরুত্ব কী ?
৩.১১ মাদারি পাশি কে ছিলেন ?
৩.১২ স্বামী বিবেকানন্দের লেখা দুটি বইয়ের নাম লেখো।
৩.১৩ মাতঙ্গিনী হাজরা স্মরণীয় কেন ?
৩.১৪ 'দেশবন্ধু' এবং 'দেশপ্রিয়' নামে কারা পরিচিত ছিলেন ?
৩.১৫ ভারতের স্বাধীনতা আইনে (১৯৪৭) কি বলা হয় ?
৩.১৬ দেশীয় রাজ্যগুলোর ভারত ভুক্তি দলিল বলতে কী বোঝায় ?

বিভাগ–'ঘ'

৪. সাত-আটটি বাক্যে যে কোনো ৬টি প্রশ্নের উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ ১টি করে প্রশ্নের উত্তর দিতে হবে) ৪x৬=২৪

উপবিভাগ-ঘ.১

৪.১ 'হুতোম পেঁচার নকসা' গ্রন্থে উনিশ শতকের বাংলার কিরূপ সমাজ চিত্র পাওয়া যায় ?
৪.২ শ্রীরামকৃষ্ণের সর্বধর্ম সমন্বয়-এর আদর্শ ব্যাখ্যা করো।

উপবিভাগ-ঘ.২

৪.৩ তিতুমিরের বারাসাত বিদ্রোহ সম্পর্কে সংক্ষেপে একটা টীকা লেখো।
৪.৪ আনন্দমঠ উপন্যাসের মূল বিষয়বস্তু কী ছিল ?

উপবিভাগ-ঘ.৩

৪.৫ কারিগরি শিক্ষার বিকাশে বাংলায় 'বেঙ্গল টেক্‌নিক্যাল ইনষ্টিটিউট'-এর কী ভূমিকা ছিল ?
৪.৬ চম্পারণ সত্যাগ্রহ কী ?

উপবিভাগ-ঘ.৪

৪.৭ বীণা দাস স্মরণীয় কেন ?
৪.৮ উদ্বাস্তু সমস্যা সমাধানে ভারত সরকার কী কী উদ্যোগ গ্রহণ করে ?

বিভাগ–'ঙ'

৫. পনেরো-ষোলোটি বাক্যে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও : ৮x১=৮

৫.১ শিক্ষাবিস্তারে প্রাচ্যবাদী ও পাশ্চাত্যবাদী বিতর্ক কী ? উচ্চ শিক্ষার বিকাশে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা আলোচনা করো। ৪+৪=৮
৫.২ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে নারী সমাজ কীভাবে অংশগ্রহণ করেছিল ? তাদের আন্দোলনের সীমাবদ্ধতা কী ? ৫+৩=৮
৫.৩ দলিতদের অধিকার নিয়ে আন্দোলনে মহত্মা গান্ধি ও আম্বেদকরের অবদান ব্যাখ্যা করো। ৪+৪=৮

—

QUESTION PAPERS

GET PREVIOUS YEAR QUESTION PAPERS FOR ALL CLASSES FOR CBSE, ISCSE, ISC AND ALL ALL STATE BOARDS HERE AT AGLASEM.COM

BOARD WISE

- Andhra Pradesh Board Question Papers
- Assam Board Question Papers
- Bihar Board Question Papers
- Chhattisgarh Board Question Papers
- Goa Board Question Papers
- Gujarat Board Question Papers
- Haryana Board Question Papers
- Himachal Pradesh Board Question Papers
- J&K State Board Question Papers
- Jharkhand Board Question Papers
- Karnataka Board Question Papers
- Kerala Board Question Papers
- Madhya Pradesh Board Question Papers
- Maharashtra State Board Question Papers
- Manipur Board Question Papers
- Meghalaya Board Question Papers
- Mizoram Board Question Papers
- Nagaland Board Question Papers
- Orissa Board Question Papers
- Punjab Board Question Papers
- Rajasthan Board Question Papers
- Tamil Nadu Board Question Papers
- Telangana State Board Question Papers
- Tripura Board Question Papers
- Uttarakhand Board Question Papers
- Uttar Pradesh (UP) Board Question Papers
- West Bengal (WB) Board Question Papers